

ইকুইটিবিডি, ১২ জুন ২০২৪



বরাবর,
প্রধান প্রতিবেদক/ বার্তা সম্পাদক

বিষয়: আগামীকাল, ১৩ জুন ২০২৪, সকাল ১০.৩০, ঢাকা রিপোর্টার্স ইউনিটি-র সাগর রুনি মিলনায়তনে অনুষ্ঠিত
“বাংলাদেশের টেকসই উন্নয়নে স্বনির্ভর জলবায়ু অর্থায়ন অপরিহার্য” শীর্ষক সেমিনারে প্রতিবেদক ও
আলোকচিত্রী প্রেরণের আমন্ত্রণ,

প্রিয় মহোদয়,
ইকুইটি এন্ড জার্নালিস্টস ওয়ার্কিং গ্রুপ, বাংলাদেশের পক্ষ থেকে শুভেচ্ছা।

- ১। আপনারা অবগত আছেন, বাংলাদেশ পৃথিবীতে জলবায়ু পরিবর্তনের ফলে সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশগুলোর একটি। যদিও প্রতিশ্রুতি অনুযায়ী বিশ্বের ধনী ও কার্বন নিঃসরণকারী দেশগুলো এই ক্ষতিগ্রস্ত দেশগুলোর জন্য যথেষ্ট ক্ষতিপূরণ এখনও দেয়া শুরু করেনি, তবু অল্প কিছু হলেও জলবায়ু তহবিল বাংলাদেশসহ অন্যান্য দেশ গ্রহন করছে।
- ২। বাংলাদেশে জলবায়ু অর্থায়ন প্রয়োজন জিডিপির অন্তত ৩%, বর্তমানে যার পরিমাণ মাত্র ০.৭৫%। টেকসই উন্নয়নে একটি নিরবচ্ছিন্ন ও অবিরত জলবায়ু অর্থায়ন অপরিহার্য। যদিও আমরা প্রায়ই দেখতে এই অর্থায়ন পরিবর্তনশীল ও অসামঞ্জস্যপূর্ণ। আমরা বলতে চাই, একটি স্বনির্ভর ও নিরবচ্ছিন্ন জলবায়ু অর্থায়ন স্থায়িত্বশীল উন্নয়নের পূর্বশর্ত। কারণ, আমাদের গুরুত্বপূর্ণ প্রতিটি জাতীয় পরিকল্পনাতেই জলবায়ু পরিবর্তনকে একটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ হিসেবে ধরা হয়েছে। অথচ, তার প্রতিফলন জলবায়ু অর্থায়নে আমরা দেখতে পাই না।
- ৩। এ বিষয়ে বিশেষজ্ঞ ও নীতি নির্ধারকদের মতবিনিময়ের লক্ষ্যে আমরা আগামীকাল, বৃহস্পতিবার, ১৩ জুন ২০২৪, ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর রুনি মিলনায়তনে, সকাল ১০.৩০ মিনিটে একটি সেমিনার আয়োজন করেছি।
- ৪। উক্ত সেমিনারে আপনার স্বনামধন্য গণমাধ্যম প্রতিষ্ঠানের একজন প্রতিবেদক ও একজন আলোকচিত্রী প্রেরণ করে উক্ত বিষয়টি কভার করার জন্য বিনীত অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

মোস্তফা কামাল আকন্দ

সচিবালয় সমন্বয়ক

ইকুইটিবিডি, C/O; কোস্ট ফাউন্ডেশন, বাড়ী-১৩, ১ম তলা, রোড-২, শ্যামলী, ঢাকা-১২০৭, ওয়েবসাইট;

www.equitybd.net, যোগাযোগ, মোস্তফা কামাল আকন্দ, মোবাইল ; ০১৭১১৪৫৫৫৯১, বরকত উল্লাহ মারুফ,

মোবাইল ; ০১৭১৩৩২৮৮৪০